

## রাবিতে ‘Foundation Training for Non-Academic Staff’ শীর্ষক প্রশিক্ষণ শুরু

December 11, 2022

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) আয়োজিত ‘Foundation Training for Non-Academic Staff’ শীর্ষক এক প্রশিক্ষণ আজ রবিবার শুরু হয়েছে। এদিন সকাল ৯:৩০ মিনিটে দুই দিনব্যাপী এই প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করেন প্রধান অতিথি উপাচার্য অধ্যাপক গোলাম সাব্বির সান্তার। আইকিউএসি’র পরিচালক অধ্যাপক দুলাল চন্দ্র রায়ের সভাপতিত্বে এই অনুষ্ঠানে আইকিউএসসি’র অতিরিক্ত পরিচালক অধ্যাপক মো. মশিহুর রহমান স্বাগত বক্তৃত্তা করেন।



কর্মশালা উদ্বোধন করে উপাচার্য তাঁর বক্তৃত্তায় বলেন, পেশাগত কাজে দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ একান্ত প্রয়োজন। বিশ্ববিদ্যালয়ের মতো উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে এই প্রশিক্ষণ ও প্রশিক্ষণলব্ধ জ্ঞানের উৎকর্ষতার বিকল্প নেই। এই প্রশিক্ষণ রাবির কর্মকর্তাদের পেশাগত দক্ষতা বাড়াতে ইতিবাচক ভূমিকা রাখবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

আইকিউএসি’র অতিরিক্ত পরিচালক অধ্যাপক মো. আব্দুর রশিদ সরকার প্রশিক্ষণ উদ্বোধন অনুষ্ঠানটি সঞ্চালনা করেন।

কর্মশালায় রাবিতে কর্মরত কর্মকর্তাগণ অংশ নিচ্ছেন।

অধ্যাপক প্রদীপ কুমার পাণ্ডে  
প্রশাসক, জনসংযোগ দপ্তর